

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/17/2019

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

**গভর্নরের কাউন্সেল অ্যালফোনসো ডেভিড, সলিসিটর জেনারেল আন্ডারউডের কাছে চিঠি  
লেখেন অনথিভুক্ত ব্যক্তিদের চালকের লাইসেন্সের অ্যাক্সেস প্রদান করার জন্য প্রস্তাবিত বিল  
সম্পর্কে আইনি মতামতের উদ্দেশ্যে**

গভর্নরের কাউন্সেল অ্যালফোনসো ডেভিড আজ সলিসিটর জেনারেল বার্বারা আন্ডারউডকে A3675-B/S1747-B বিল সম্পর্কিত আইনি মতামত অনুরোধ করে একটি চিঠি লেখেন, যা অনথিভুক্ত অভিবাসীদের চালকের লাইসেন্সের অ্যাক্সেস প্রদান করবে।

চিঠিটির সম্পূর্ণ বার্তা নিচে দেওয়া হল:

সলিসিটর জেনারেল আন্ডারউড:

গভর্নর অ্যান্ড্রু কুওমোর পক্ষে আমি বিল নম্বর A3675-B/S1747-B এর উপর আইনি মতামত চাইবার জন্য লিখছি। বিলটির বর্ণিত উদ্দেশ্য হল চালকের লাইসেন্সের অ্যাক্সেস প্রদান করার মাধ্যমে অনথিভুক্ত ব্যক্তিদের সহায়তা করা। গভর্নর এই নীতি সমর্থন করেন এবং 2007 সাল থেকে তা করছেন। তবে, এই উদ্বেগ প্রকাশ করা হয়েছে যে, বিলটি যেভাবে এর খসড়া প্রস্তুত করা হয়েছে, তাতে ফেডারেল কর্মকর্তারা অনিচ্ছাকৃতভাবে সেই অনথিভুক্ত ব্যক্তিদের সম্পর্কে স্টেটের তথ্যের নাগাল পাবেন, হয় সরাসরি বা পরোক্ষভাবে, এবং এর ফলে এই বিলটি যে গ্রুপটিকে সাহায্য করতে চায়, তারই উল্লেখযোগ্য ক্ষতির ঝুঁকি সৃষ্টি করবে। এটি বিলটির রাজনৈতিক উদ্দেশ্য সংক্রান্ত কোন প্রশ্ন নয়; প্রশ্ন হল এর আইনি প্রভাব।

মোটর ভেহিক্লস বিভাগ (Department of Motor Vehicles, DMV) যারা চালকের লাইসেন্স বা সনাক্তকরণ কার্ড প্রাপ্ত হন, তাদের গুরুত্বপূর্ণ ব্যক্তিগত তথ্য বজায় রাখে। এই বিলের অধীনে, DMV অনথিভুক্ত ব্যক্তিদের কাছ থেকে অতিরিক্ত তথ্য পাবেন। অন্যান্য রাজ্যে, ফেডারেল সরকার অনথিভুক্ত ব্যক্তিবর্গের প্রতি তাদের লক্ষ্য স্থির করতে রাজ্যের DMV তথ্য অ্যাক্সেস করেছে। সংক্ষেপে, উদাহরণস্বরূপ, কিছু চালকের সোশাল সিকিউরিটি নম্বর থাকে, স্বাভাবিকভাবে, অনথিভুক্ত চালকদের তা থাকবে না। নিউ ইয়র্কের একটি পরিশীলিত ফেসিয়াল রিকগনিশন সিস্টেম রয়েছে যা ব্যক্তিবর্গকে এবং তাদের DMV ডেটা সনাক্ত করতে পারে। নিউইয়র্কের আইন অনথিভুক্ত ব্যক্তিদের সাহায্য করতে গেলে অবশ্যই ফেডারেল সরকারের অ্যাক্সেসকে সফলভাবে বন্ধ করতে হবে।

তদনুসারে, আমরা আপনার কাছে নিম্নলিখিত প্রশ্নটি উত্থাপন করি - প্রস্তাবিত আইনটি কি ফেডারেল সরকার, বা তার সাথে সম্পর্কিত বা অনুমোদিত কোন উপবিভাগকে সরাসরি, পরোক্ষভাবে বা বিচার প্রক্রিয়ার মাধ্যমে কোন ডেটাবেস বা কোনও তথ্যের সংকলন যা নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ মোটর ভেহিক্লেসের হেফাজতে বা নিয়ন্ত্রণে রয়েছে তা অ্যাক্সেস করতে নিশ্চিতভাবে নিষেধ করবে? স্পষ্টতই এই প্রশ্নের জবাবে, আমরা চাই যে আপনি নিউ ইয়র্কের এমন একটি আইন, যদি তা প্রণয়ন করা হয়, তা ফেডারেল আইনি চ্যালেঞ্জ হিসেবে গণ্য করুন এবং অন্যান্য রাজ্যের একই আইন বা পরিস্থিতির ক্ষেত্রে, এবং ফেডারেল সরকারের সাথে আমাদের বর্তমান ডেটা ভাগ করার প্রক্রিয়াটি বিবেচনা করুন।

যেভাবে বিলটির খসড়া প্রস্তুত করা হয়েছে তা সম্পর্কে আপনার মতামত দিন এবং বিলটিতে কোন ভাষার পরিবর্তন করা প্রয়োজন বলে যদি আপনি মনে করেন যা এই সমস্যাটির যথাযথ সমাধান প্রদান করবে, তাও জানান।

এই প্রচেষ্টায় জড়িত অনেক স্টেকহোল্ডারের লক্ষ্য এমন একটি আইন প্রণয়ন করা যা অনথিভুক্ত ব্যক্তিদের সাহায্য করবে, এমন আইন নয় যা তাদের ক্ষতি করবে। এই কথাটি মনে রেখে আমরা যত তাড়াতাড়ি সম্ভব উপরোক্ত বিষয়ে আপনার মতামত জানাতে অনুরোধ করি।

বিনীত,

আলফোনসো বি. ডেভিড

cc: লেটিশিয়া জেমস, নিউ ইয়র্ক স্টেট অ্যাটর্নি জেনারেল

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)